



Beats of My Heart

তাওফিকা ফুড্স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির ১১ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা

শেয়ার বাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুসাঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুড্স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি ১১ শতাংশ ক্যাশ ডিভিডেন্ট ঘোষণা করেছে। আজ অনুষ্ঠিত কোম্পানিটির বোর্ড সভায় এ ঘোষণা দেয়া হয়। কোম্পানি সূত্রে জানা গেছে যে, ২০২০-২১ অর্থ বছরে লাভেলোর কর পরবর্তী নীট মুনাফা ৫৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এর প্রায় পুরোটাই শেয়ার হোল্ডারদের নগদ লভ্যাংশ হিসেবে বন্টন করার প্রস্তাব করা হয়েছে, সে হিসাবে ১১ শতাংশ নগদ লভ্যাংশ দেয়া হয়েছে।

আলোচ্য বছরে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ১.৪১ টাকা। আগের বছর ইপিএস হয়েছিল ১.৩১ টাকা। গত ৩০ জুন, ২০২১ তারিখে কোম্পানিটির শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য দাঁড়িয়েছে ১২ টাকা ৫৭ পয়সা। আগের বছর ৩০ জুন, ২০২০ তারিখে কোম্পানিটির শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য ছিল ১২ টাকা ৭৫ পয়সা।

কোম্পানিটির বার্ষিক সাধারণ সভা (এজিএম) আগামী ২৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এর জন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ১৭ নভেম্বর।